

যুগান্তর

পরীক্ষা কেন্দ্রের সচিবসহ তিনজনের হাতে স্মার্টফোন

👤 রাজশাহী ব্যুরো

🕒 ১৬ সেপ্টেম্বর ২০২২, ২৩:২২:১৪ | [অনলাইন সংস্করণ](#)



মাধ্যমিক পরীক্ষায় স্মার্টফোন নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশে শিক্ষা মন্ত্রণালয়ের নিষেধাজ্ঞা ভেঙেছেন রাজশাহী সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ, পরীক্ষা কমিটির আহ্বায়ক ও অফিসের এক কর্মচারী। বৃহস্পতিবার বাংলা প্রথমপত্রের পরীক্ষা চলাকালে রাজশাহী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর হাবিবুর রহমান তাদের হাতেনাতে ধরেন। বিষয়টি রাজশাহীর বিভাগীয় কমিশনারকে জানিয়েছেন বোর্ড চেয়ারম্যান।

কলেজের শিক্ষকদের কয়েকজন জানিয়েছেন, এর আগেও একবার পরীক্ষা কেন্দ্রের ব্যবস্থাপনায় অবহেলার দায়ে রাজশাহী সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজের বর্তমান অধ্যক্ষ প্রফেসর আকবর আলীকে কেন্দ্র সচিবের দায়িত্ব থেকে সরিয়ে দিয়েছিলেন রাজশাহীর তৎকালীন জেলা প্রশাসক আব্দুল কাদের। তার বদলে একজন জুনিয়র শিক্ষককে কেন্দ্র সচিবের দায়িত্ব দেওয়া হয়েছিল।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, বৃহস্পতিবার বেলা সোয়া ১১টার দিকে মাধ্যমিকের বাংলা প্রথমপত্রের পরীক্ষার প্রথমদিন রাজশাহী সরকারি মডেল স্কুল অ্যান্ড কলেজ কেন্দ্র পরিদর্শনে যান রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর হাবিবুর রহমান। পরীক্ষা কেন্দ্রের অফিসে ঢুকেই তিনি দেখতে পান স্কুলের প্রধান সহকারি আব্দুর রশিদ স্মার্টফোন হাতে নিয়ে টিপাটিপি করছেন। বোর্ড চেয়ারম্যান ফোনটি তাকে টেবিলের ওপর রেখে দিতে বলেন। এরপর বোর্ড চেয়ারম্যান পরীক্ষা কেন্দ্রের তিনতলার একটি কক্ষ পরিদর্শনে চলে যান। সেখানে গিয়ে তিনি দেখতে পান পরীক্ষা কমিটির আহবায়ক ও গণিত বিষয়ের প্রভাষক পুলক কুমার সাহা টেবিলের ওপর স্মার্টফোন রেখে কাজ করছেন। বোর্ড চেয়ারম্যান তাকেও সতর্ক করেন এবং কক্ষ পরিদর্শন শেষে কেন্দ্রের অফিস কক্ষে ফিরে এসে দেখতে পান কেন্দ্র সচিব ও স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রফেসর আকবর আলী স্মার্টফোন হাতে নিয়ে ঘুরে বেড়াচ্ছেন।

সূত্রে আরও জানা গেছে, বোর্ড চেয়ারম্যান কেন্দ্র সচিব, পরীক্ষা কমিটির আহবায়ক ও প্রধান সহকারীকে সতর্ক করে দিয়ে কেন্দ্র পরিদর্শন শেষে অন্য কেন্দ্রে চলে যান। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা লঙ্ঘনের দায়ে বোর্ড চেয়ারম্যান তিনজনের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেননি।

এ বিষয়ে জানতে চাইলে রাজশাহী শিক্ষা বোর্ডের সচিব হুমায়ুন কবীর জুয়েল কোনো মন্তব্য করতে অস্বীকার করেন।

রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর হাবিবুর রহমান বলেন, কেন্দ্র পরিদর্শনকালে কেন্দ্র সচিব, পরীক্ষা কমিটির আহবায়ক ও প্রধান সহকারীর হাতে স্মার্টফোন ছিল। এ বিষয়ে প্রাথমিকভাবে তাদের সতর্ক করা হয়েছে।

অভিযোগের বিষয়ে জানতে একাধিকবার কেন্দ্র সচিব প্রফেসর আকবর আলীর মোবাইল ফোনে কল দেওয়া হলেও তিনি ফোন ধরেননি।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও
অনুমতি ছাড়া পুনরুৎপাদন করা যাবে না।

Developed by [The Daily Jugantor](http://TheDailyJugantor.com) © 2022